

যুগান্তর

১৫
১৬

কুষ্টিয়ায় স্কুলছাত্রী ধর্ষণ ঘটনায় তোলপাড় ধর্ষক গ্রেফতার

কুষ্টিয়া প্রতিনিধি

কুষ্টিয়ায় কিশোরী স্কুলছাত্রী ধর্ষণ ও বিতর্কিত



ধর্ষক শাহীন আলম

গ্রাম্য সালিশ সংক্রান্ত
সংবাদ গতকাল
মঙ্গলবার দৈনিক
যুগান্তরসহ তিনটি
জাতীয় দৈনিকে
প্রকাশের পর
এলাকায় ব্যাপক
তোলপাড় সৃষ্টি
হয়েছে। পুলিশ

গতকাল মঙ্গলবার সকালে এক অভিযান
ধর্ষক : পৃষ্ঠা : ১৫ কলাম : ৬

ধর্ষক : গ্রেফতার

(শেষ পৃষ্ঠার পর)

চালিয়ে ধর্ষক শাহীন আলমকে গ্রেফতার
করেছে। ধর্ষিতা ওই স্কুলছাত্রীকে নিরাপত্তা
হেফাজতে নেয়া হয়েছে। ধর্ষিতার পিতা বাদী
হয়ে মামলা করেছেন।

কুষ্টিয়া সদর উপজেলার হাটশ হরিপুর
ইউনিয়নের পুরাতন কুষ্টিয়া গ্রামের কিশোরী
স্কুলছাত্রী (১৪) ধর্ষণ ও গ্রাম্য সালিশ
বৈঠকের ওপর সংবাদপত্রে রিপোর্ট প্রকাশিত
হলে উপর মহলের চাপে কুষ্টিয়া পুলিশের
টনক নড়ে। শুরু হয় তৎপরতা। মঙ্গলবার
বেলা সাড়ে ১১টার দিকে গড়াই নদী পার
হয়ে ডিবি ও সদর থানা পুলিশের প্রায়
অর্ধশত সদস্যের একটি দল পুরাতন কুষ্টিয়া
গ্রামে অভিযান চালায়। পুলিশ গ্রাম্য
চিকিৎসক ওমর আলীর বাড়ি থেকে তার
ছেলে ধর্ষক শাহীন আলমকে (২২) গ্রেফতার
করে। একই সময়ে ধর্ষিতা ওই স্কুলছাত্রী ও
তার মা'কে পুলিশ নিরাপত্তা হেফাজতে নেয়।
পরে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ধর্ষিতা
ওই কিশোরীকে ডাক্তারি পরীক্ষার জন্য নেয়া
হয় কিন্তু চিকিৎসকদের অবহেলার কারণে
তার ডাক্তারি পরীক্ষা গতকাল সম্ভব হয়নি।
আজ বুধবার ধর্ষিতার ডাক্তারি পরীক্ষা সম্পন্ন
হওয়ার কথা রয়েছে। এদিকে ধর্ষিতার পিতা
বাদী হয়ে কুষ্টিয়া সদর থানায় নারী ও শিশু
নির্যাতন বিশেষ বিধান ২০০০ আইনে মামলা
দায়ের করেছেন।